

মডেল টেস্ট-৪

প্রাথমিক গণিত

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

[সকল প্রশ্নের উত্তর দিতে হবে। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :

১×২৪=২৪

(১) একটি দোকানে ৩০টি সাইকেল আছে। একটি সাইকেলের মূল্য ৬৫০০ টাকা। যদি দোকানদার সবগুলো সাইকেল বিক্রি করেন তাহলে তিনি কত টাকা পাবেন?

ক) ১৯৫০০০ খ) ১৯৫০০ গ) ১৮৫০০০ ঘ) ৬৫৩০

(২) ৯৯০০০ কে ১০ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে?

ক) ৯৯ খ) ৯৯০ গ) ৯৯০০ ঘ) ৯৯.০

(৩) এক ব্যক্তি এপ্রিল মাসে ৩০০০ টাকা আয় করেন। ঐ মাসে ঐ ব্যক্তির দৈনিক আয় কত টাকা?

ক) ২০০ খ) ১০০ গ) ৯৬ ঘ) ৩০

(৪) ৮টি ডিমের দাম ৭২ টাকা। আমরা এরূপ ১৫টি ডিম ক্রয় করতে কত টাকার প্রয়োজন?

ক) ১০৮ খ) ১২০ গ) ১৩৫ ঘ) ২৩৫

(৫) $৮ \times ক = ৩২$; এই খোলা বাক্যে 'ক' এর মান কত?

ক) ৪ খ) ৬ গ) ৮ ঘ) ১০

(৬) ১৮, ২৪, ৩০ এর গসাগু কত?

ক) ৬ খ) ৯ গ) ১২ ঘ) ১৫

(৭) ১০০ লিটার ও ৭৫ লিটার আয়তনের দুইটি ট্যাংকি কি পরিমাণ আয়তনের বালতি দিয়ে কম সংখ্যক বারে পানি দিয়ে পূর্ণ করা যায়?

ক) ২৪ খ) ২৫ গ) ৩০ ঘ) ৫০

(৮) $\frac{১০}{১৯}$ এর চেয়ে ছোট ভগ্নাংশ কোনটি?

ক) $\frac{৫}{১৯}$ খ) $\frac{১১}{১৯}$ গ) $\frac{১৩}{১৯}$ ঘ) $\frac{১৫}{১৯}$

(৯) $\frac{৩}{৪} \times \frac{৮}{৯} =$ কত?

ক) $\frac{১}{৩}$ খ) $\frac{২}{৩}$ গ) $\frac{৩}{৪}$ ঘ) $\frac{৬}{১২}$

(১০) $৯.৬ \div ৬$ এর ভাগফল কত হবে?

ক) ০.৬ খ) ১.৬ গ) ২.৬ ঘ) ৩.৬

(১১) $০.৫ \times ০.০৩ \times ০.০২ =$ কত?

ক) ০.৩০০০ খ) ০.০৩০০ গ) ০.০০০৩ ঘ) ০.০০৩০

(১২) তিনটি সংখ্যার যোগফল ৬০। একটি সংখ্যা ২৪ হলে বাকি দুটি সংখ্যার গড় কত?

- ক ১৮ খ ২০ গ ২২ ঘ ২৫

(১৩) দশটি রাশির গড় ৫১ হলে, তাদের সমষ্টি কত?

- ক ১৫০ খ ১৫৫ গ ২৫০ ঘ ২৫৫


(১৪) ১০০টি ছোট ঘর হতে ১৫টি ঘর রং করা হলে শতকরা কি পরিমাণ কাজ হলো?

- ক ১০০% খ ১৫% গ ৫% ঘ ৮৫%


(১৫) ৫% কে সাধারণ ভগ্নাংশে প্রকাশ করলে কী হবে?

- ক $\frac{১}{৫}$ খ $\frac{৫}{২০}$ গ $\frac{১}{১০০}$ ঘ $\frac{১}{২০}$

(১৬) নিচের চিত্রগুলোর মধ্যে কোনগুলো সামান্তরিক?



চিত্র-১



চিত্র-২



চিত্র-৩



চিত্র-৪

- ক চিত্র ১, ২ এবং ৩ খ চিত্র ২, ৩ এবং ৪
গ চিত্র ১, ২ এবং ৪ ঘ চিত্র ১, ৩ এবং ৪

(১৭) ৩০০ গ্রামের ৫ গুণ কত হবে?

- ক ১২০০ গ্রাম খ ১ কেজি
গ ১ কেজি ৫০০ গ্রাম ঘ ১৮০০ গ্রাম

(১৮) ১ সেমি $\begin{array}{c} ৫ \text{ সেমি} \\ \text{ } \\ ৫ \text{ সেমি} \end{array}$ ১ সেমি হলে, ক্ষেত্রটির ক্ষেত্রফল কত বর্গ সেমি?

- ক $\frac{১}{৫}$ খ ১ গ ৫ ঘ ১৫

(১৯) ১০৫১২০০ মিনিটে কত বছর?

- ক ১ খ ২ গ ৩ ঘ ৪

(২০) ৪৮, ৪১, ৫২, ৬২, ৯৮, ৬৬, ৪০, ৮২, ৭৭, ৯২ এই ১০টি সংখ্যাকে ১০ শ্রেণি ব্যবধানে বিন্যস্ত করলে ৪০—৪৯ শ্রেণি ব্যবধানে কয়টি সংখ্যা থাকবে?

- ক ০ খ ১ গ ২ ঘ ৩

(২১) নিচের কোনটি সঠিক?

- ক) গুণফল \times গুণ্য = গুণক খ) গুণফল \times গুণক = গুণ্য
গ) গুণ্য \div গুণক = গুণফল ঘ) গুণফল \div গুণ্য = গুণক

(২২) একটি মৌলিক সংখ্যার কমপক্ষে কয়টি গুণনীয়ক থাকে?

- ক) ১ খ) ২ গ) ৩ ঘ) ৪

(২৩) রাশিগুলোর সমষ্টিতে রাশিগুলোর সংখ্যা দ্বারা কী করলে গড় পাওয়া যাবে?

- ক) যোগ খ) বিয়োগ গ) গুণ ঘ) ভাগ

(২৪) ব্যাংকে জমাকৃত টাকাকে কী বলে?

- ক) আসল খ) মুনাফা গ) সুদাসল ঘ) লাভ

২. সংক্ষেপে উত্তর দাও:

$$1 \times 10 = 10$$

(ক) ৮টি ডিমের দাম ৭২ টাকা হলে ১টি ডিমের দাম কত?

(খ) পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অঙ্কের বৃহত্তম সংখ্যার মধ্যে পার্থক্য কত?

(গ) ১৮ এর প্রকৃত গুণনীয়কগুলো লিখ।

(ঘ) ভাগ কর: $৫৫.৩৬ \div ১০$

(ঙ) রনি পরীক্ষায় ছয়টি বিষয়ে গড়ে ৮৩ নম্বর করে পেল। সে পরীক্ষায় মোট কত নম্বর পেল?

(চ) ৪০ টাকার ৪০% = কত?

(ছ) বর্গের একটি কর্ণের দৈর্ঘ্য ৪ সেমি হলে, অপর কর্ণের দৈর্ঘ্য কত?

(জ) আয়তের একটি বাহু ৫ সে. মি., অপর বাহু ৩ সে. মি. হলে ক্ষেত্রফল কত?

(ঝ) ১ দশক = কত বছর?

(ঞ) ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ উপাত্তগুলো ও ব্যবধানে টালি চিহ্নগুলো লেখ?

৩. ফরিদার মাসিক বেতন ১৫০০০ টাকা। ফাতেমার বেতন, ফরিদার বেতনের অর্ধেক। তারা তাদের প্রত্যেকের বেতনের অর্ধেক সংসারের কাজে খরচ করে।

ক. তাদের মোট বেতন কত? ২

খ. প্রত্যেকে সংসারের কাজে কত খরচ করেন? ২

গ. তাদের বাৎসরিক আয় কত? ২

ঘ. ৪ মাসে তাদের মোট আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

অথবা, একটি ব্যবসায় ১৫ জন সমান অংশীদার। তারা বছরে ৮২৪৪০ টাকা লাভ করল।

- ক. প্রত্যেকে কত টাকা লাভ পেল? ৩
খ. প্রত্যেকের মাসিক লাভের পরিমাণ কত? ৩
গ. প্রত্যেকের মাসিক ১০ টাকা বেশি লাভ হলে ঐ ব্যবসায় বার্ষিক কত টাকা বেশি লাভ হবে? ২

৪. চারটি ঘণ্টা একত্রে বেজে পরে ৫, ৭, ১২ এবং ১৫ সেকেন্ড অন্তর অন্তর বাজতে লাগল।

- ক. ঘণ্টাগুলো বাজার সময়ের লসাগু নির্ণয় কর। ২
খ. ৩য় ও ৪র্থ ঘণ্টা বাজার সময়ের সাধারণ মৌলিক উৎপাদক কত? ২
গ. কোন ক্ষুদ্রতম সংখ্যা প্রদত্ত প্রত্যেকটি ঘণ্টা বাজার সময় দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে? ২
ঘ. ন্যূনতম কত মিনিট পর ঘণ্টাগুলো পুনরায় একত্রে বাজবে? ২

অথবা, একজন শিক্ষক ৪০ জন ছাত্র এবং ২৪ জন ছাত্রীকে কতগুলো দলে ভাগ করে দিলেন যেন প্রত্যেক দলে ছাত্র ও ছাত্রীর সংখ্যা সমান থাকে এবং কোনো শিক্ষার্থী অবশিষ্ট না থাকে।

- ক. ছাত্র ও ছাত্রী সংখ্যাদ্বয়ের গসাগু কত? ২
খ. শিক্ষার্থীদেরকে সর্বোচ্চ কয়টি দলে ভাগ করা যাবে? ৩
গ. প্রতি দলে কতজন ছাত্র এবং ছাত্রী থাকবে? ৩

৫. $\frac{৩}{৫}$, $\frac{৭}{১১}$, $\frac{৫}{৯}$ ও $\frac{৪}{৫}$ চারটি ভগ্নাংশ।

- ক. চতুর্থ ভগ্নাংশটির বিপরীত ভগ্নাংশ বের কর। ২
খ. প্রথম দুইটি ভগ্নাংশের ভাগফল বের কর। ২
গ. মিশ্র ভগ্নাংশ দুইটিকে অপ্রকৃত ভগ্নাংশে রূপান্তর কর। ২
ঘ. তৃতীয় ভগ্নাংশটিকে কত দ্বারা গুণ করলে গুণফল ১ হবে? ২

অথবা, আশিকের জন্মদিনে তার বাবা ২৭০০ গ্রাম ওজনের ১টি কেক আনল।

আশিক কেকটির $\frac{২}{৩}$ অংশ বন্ধুদেরকে খাওয়ালো। বাকী অংশ ২ ভাই এবং ১

বোনের মধ্যে সমানভাবে ভাগ করে দিল।

- ক. আশিক তার বন্ধুদেরকে কত গ্রাম কেক খাওয়ালো? ২
খ. ২ ভাই এবং ১ বোন একত্রে কেকটির কত অংশ পেল? ৩
গ. ২ ভাই ও ১ বোনের প্রত্যেকে কেকটির কত অংশ পেল? ৩

৬. একটি ঝড়িতে ১৫০টি আম আছে। এরূপ ১০টি ঝড়ির আম থেকে সুমনকে ৪৭৫টি এবং রুনাকে ৫৭৫টি আম দেওয়া হলো, বাকি আমগুলো অনামিকাকে দেওয়া হলো।

ক. অনামিকা কতটি আম পেল? ৪

খ. অনামিকা কয় ঝড়ি আম পেল? ২

গ. তাদের তিন জনের আমের গড় কত? ২

অথবা, ৭টি টেনিস বলের মোট মূল্য ৪০৬ টাকা। প্রথম ৩টি বলের গড় মূল্য ৫৮ টাকা এবং শেষের ৩টি বলের গড় মূল্য ৫৫ টাকা।

ক. বলগুলোর গড় মূল্য কত? ২

খ. ৪র্থ বলটির মূল্য কত? ৪

গ. প্রথম ৩টি বলের মোট মূল্য এবং শেষের ৩টি বলের মোট মূল্যের পার্থক্য ১০টি কলমের গড় মূল্য হলে, ঐ ১০টি কলমের মোট মূল্য কত? ২

৭. একটি বাঁশের ০.১৫ অংশ কাদায় ও ০.৬৫ অংশ পানিতে আছে। যদি পানির উপরে বাঁশটির দৈর্ঘ্য ৪ মিটার হয়, তা হলে সম্পূর্ণ বাঁশটির দৈর্ঘ্য কত?

অথবা, পূজা কোন ব্যাংক থেকে বার্ষিক ১২% মুনাফায় কিছু টাকা ঋণ নিয়ে এক বছর পর ১৬৮০ টাকা মুনাফা দিল। আসল কত ছিল?

৮. যেকোনো দুইটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক. একটি সামান্তরিক আঁক যার একটি বাহুর দৈর্ঘ্য ৪ সে.মি. এবং সন্নিহিত বাহুর দৈর্ঘ্য ৩ সে.মি.। অতঃপর অঙ্কিত চিত্রের বৈশিষ্ট্য লিখ।

খ. একটি রম্বস অঙ্কন করে এর বৈশিষ্ট্য লিখ; যার বাহুগুলোর দৈর্ঘ্য ৫ সে.মি.।

গ. ৩ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের একটি জ্যা বৃত্তকে যে দুইটি চাপে বিভক্ত করে তাদের নামকরণ কর এবং অঙ্কিত চিত্রের বৈশিষ্ট্য লিখ।

৯. একটি ড্রামে ৫৩ কেজি ৯ হে.গ্রা. ৮ ডে. গ্রা. ৭ গ্রাম আটা রাখা যায়। একটি গুদামে ৯৮৭৬০০০ গ্রাম আটা আছে।

ক. ৪৯৩৬ কেজি ময়দাকে মেট্রিক টনে প্রকাশ কর। ২

খ. ৯ টি ড্রামে কি পরিমাণ আটা রাখা যায়? ৩

গ. গুদামের আটার পরিমাণকে কেজিতে ও কুইন্টালে প্রকাশ কর। ৩

অথবা, রায়হান কর্ণফুলী এক্সপ্রেস ট্রেনে ফেনী রেলস্টেশন থেকে সকাল ১০টা ৩০ মিনিটে যাত্রা আরম্ভ করে ১৫টা ৪০ মিনিটে ঢাকায় পৌঁছাল।

ক. ১২ ঘণ্টা সময়সূচীতে কয়টায় ঢাকা পৌঁছাল? ২

খ. ঢাকায় পৌঁছাতে কত ঘণ্টা সময় লাগবে? ৩

গ. যান্ত্রিক অসুবিধায় ট্রেনটির ১ ঘণ্টা ৫ মিনিট বিলম্ব হলে ২৪ ঘণ্টা সময়সূচীতে কয়টায় পৌঁছাবে? ৩

১০.৫ম শ্রেণির খ শাখার শিক্ষার্থীরা গত ৩ মাসে কতবার বাড়ির কাজ জমা দিয়েছে তা নিচের ছকে উল্লেখ করা হলো:

জমা দেওয়ার সংখ্যা	
১২	২৮
১৪	১২
২৪	১০
২৯	২৯
১৬	২৪
১২	২৯
১০	১২
২৯	১০
২০	২২
১৬	২৮

৫ শ্রেণি ব্যবধানে উপাত্তগুলিকে একটি সারণিতে বিন্যাস কর।

অথবা, বার্ষিক পরীক্ষায় ৬ জন শিক্ষার্থী গণিত বিষয়ে নিম্নরূপ নম্বর পেয়েছে। এ উপাত্ত থেকে স্তম্ভ লেখ আঁক।

শিক্ষার্থী	সুমন	মিমি	ওমার	স্বপ্নীল	তানিয়া	রতন
প্রাপ্ত নম্বর	৮০	৯০	৮০	১০০	৭৫	৮৫

মডেল টেস্ট-৪ এর উত্তরমালা

- (১) (ক) ১৯৫০০০; (২) (গ) ৯৯০০; (৩) (খ) ১০০; (৪) (গ) ১৩৫;

(৫) (ক) ৪; (৬) (ক) ৬; (৭) (খ) ২৫; (৮) (ক) $\frac{৫}{১৯}$; (৯) (খ) $\frac{২}{৩}$; (১০)

(খ) ১.৬; (১১) (গ) ০.০০০৩; (১২) (ক) ১৮; (১৩) (ঘ) ২৫৫; (১৪)

(খ) ১৫%; (১৫) (ঘ) $\frac{১}{২০}$; (১৬) (ঘ) চিত্র ১, ৩ এবং ৪; (১৭) (গ) ১

কেজি ৫০০ গ্রাম; (১৮) (গ) ৫; (১৯) (খ) ২; (২০) (ঘ) ৩টি; (২১)

(ঘ) গুণফল ÷ গুণ্য = গুণক; (২২) (খ) ২; (২৩) (ঘ) ভাগ; (২৪) (ক)

আসল;
- (ক) ৯ টাকা। (খ) ১। (গ) ১ ও ১৮। (ঘ) ৫.৫৩৬। (ঙ) ৪৯৮। (চ)

১৬ টাকা। (ছ) ৪ সেমি। (জ) ১৫ বর্গ সে. মি.। (ঝ) ১০ বছর।

(ঞ) (১ - ৩) → |||, (৪ - ৬) → |||, (৭ - ৯) → ||